সমাজ ও রাষ্ট্রের উন্নয়ন তরুণদের হাতেই- এমপি খোকন

সমাজ ও রাষ্ট্রের উন্নয়ন তরুণদের হাতেই। তরুণের হাতে সমাজের ভালো কাজগুলো হয়। বললেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

মেহেরপুরের গাংনীতে স্বেচ্ছাসেবী ও সামাজিক সংগঠন কাম ফর হিউম্যানিটির ২য় প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তৃতায় কথাগুলো বলেন তিনি।

শনিবার দুপুরে গাংনী উপজেলা অডিটোরিয়ামে এ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়।

সংগঠনের সভাপতি মামুন অর রশীদ বিজনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, পৌর আওয়ামী লীগের সম্পাদক আনারুল ইসলাম বাবু ও গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম।

এসময় উপস্থিত ছিলেন বিভিন্ন শ্রেণীপেশার মানুষ।

গাংনীতে টিউবয়েলে স্বয়ংক্রিয় পানি, রোগমুক্তির গুজব!

একটি টিউবয়েল থেকে স্বয়ংক্রিয়ভাবে পানি বের হচ্ছে গত চারদিন ধরে। ওই পানি পান করলেই মিলবে রোগমুক্তি, সারবে দুরারোগ্য ব্যধি ক্যান্সারসহ নানা ধরনের জটিল ও কঠিন রোগ! এমন গুজব ছড়িয়ে পড়ার পরই দূর-দূরান্ত থেকে পানি নিতে শত শত মানুষ ভীড় করছে মেহেরপুরের গাংনী উপজেলার ভবানীপুর গ্রামের আনারুলের বাড়িতে।

গত চারদিন ধরে তাঁর বাড়ির একটি টিউবয়েলে কোন বৈদুতিক মটর বা হাতের চাপ ছাড়াই পানি উঠছে। তবে এ পানি পান করে কারো রোগমুক্তি

হয়েছে কিনা কেউ বলতে পারেনি। এটিকে পুঁজি করে ব্যবসার ফন্দি আঁটছে একটি চক্র। তবে প্রশাসন বলছে যদি কেউ প্রতারণা করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

জানা গেছে, ভবানীপুর গ্রামের আনোরুল ফকিরের বাড়ির টিউবয়েল দিয়ে হঠাত পানি উঠতে থাকে। এলাকার লোকজন এটিতে আল্লাহর নেয়ামত মনে করে এবং এর পানি পান করলে রোগমুক্তি হবে ভেবে পানি নেয়া শুরু করেন। অনেকেই রোগমুক্তির প্রচারণা চালানোর পর ভবানীপুর ও আশেপাশের এলাকার লোকজন পানি নিতে ভীড় জমায়। কেউ আসছেন গোপন রোগ ভাল করার নিয়্যতে। আবার অনেকেই আসছেন ক্যান্সারসহ দুরারোগ্য রোগ থেকে মুক্তি পাবার লক্ষ্যে। বিশেষ করে বিকেল থেকে পানি নেয়ার ভীড় লক্ষ্য করা গেছে।

শুক্রবার বিকেলে সরেজমিনে গিয়ে দেখা গেছে, বিভিন্ন বয়সি নারী পুরুষের ভীড়। কেউ বা পানি নিয়ে যাচ্ছেন। আবার কেউবা ওখানে নিয়্যত করেই পানি পান করছেন। পানি নিতে আসা কুষ্টিয়ার দৌলতপুরের গরুড়া গ্রামের মহিদুল জানান, তার ও তার ছোটভায়ের গোপন রোগ মুক্তির জন্য পানি নিতে এসেছেন। বিভিন্ন ডাক্তার কবিরাজের কাছে চিকিৎসা নিয়েও তা ভাল হয়নি।

ভবানীপুরের হাবিবুর জানান, চোখে কম দেখেন তিনি। ওই পানি দিয়ে চোখ পরিস্কার করলে ভাল হবে, মনে করে খাস নিয়তে তিনি পানি নিয়ে যাচ্ছেন। তবে কাউকে কোন টাকা দিতে হচ্ছে না।

গোয়াল গ্রামের বৃদ্ধ চম্পা এসেছেন তার মেয়ের বন্ধ্যাত্ম দূরী করণের জন্য। বিয়ের ১০ বছর পার হলেও তার মেয়ের কোন বাচ্চা নেই। এদিকে একটি চক্র ওই টিউবয়েলটিকে ঘিরে ব্যবসার ফন্দি আঁটছেন। অনেকেই এটিকে অলৌকিক বলে দাবী করে মানুষকে উদ্বুদ্ধ করছেন। কেউ বা নতুন করে রাস্তা তৈরীর কাজে ব্যস্ত। তাদের দাবী পানি পান করলে রোগ ভাল হবে। পানির অপর নাম জিবন। অনেকের রোগ ভাল হয়েছে বলে দাবী করলেও কোন লোককে দেখাতে পারেন নি তারা।

কুঞ্জনগর গ্রামের জামে মসজিদের ঈমাম রমজান আলী জানান, এসব কুসংস্কার। রোগ ব্যধি ভাল হবার করবার জন্য মানুষ ডাক্তারের কাছে চিকিৎসা নিবেন। পানি পান করলে কোন রোগ ভাল হয় কিনা সেটি তার অজানা। ঝাড় ফুক দিয়ে মনের দ্বিধা দুর করানো যায় কিন্তু দেহের রোগ নয়।

উপজেলা গণস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান জানান, আমরা ঘটনাটি জেনেছি। এটির সঙ্গে বৈজ্ঞানিক কোনো ভিত্তি নেই। নলকূপের পানিতে রোগমুক্তি হয় এমন তথ্য চিকিৎসা বিজ্ঞানে নেই। যারা পানি নিচ্ছে বা পান করছে তারা গুজবে কান দিয়ে সেখানে ভিড় করছে বলেই আমরা মনে করি।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, ওই স্থানে যাতে কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে সে জন্য নজরদারীতে রাখা হয়েছে। পুলিশ ক্যাম্পে জানানো হয়েছে ও সতর্ক করা হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ জানান, ওই টিউবয়েলের পানিতে রোগ সারাবে কিভাবে তা বোধগম্য নয়। এটি প্রতারণার ফাঁদ মাত্র। জনস্বাস্থ্য প্রকৌশলীকে পাঠানো হবে এবং টিউবয়েলটিকে বন্ধ করে দেয়া হবে।

মেহেরপুর শহরে জুয়েলারি দোকানে দুর্ধর্ষ চুরি

মেহেরপুর শহরের বড়বাজারের সানন্দা জুয়েলার্স নামের একটি জুয়েলারি দোকানে দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে। এ ঘটনায় নগদ টাকাসহ ২০ লাখ টাকার স্বর্ণালংকার চুরি হয়েছে বলে দাবি দোকান মালিকের।

শুক্রবার রাতের কোন এক সময় সংঘবদ্ধ চোরের দল এ ঘটিয়েছে।
দোকান মালিক শ্রী নির্মল কুমার হালদার জানান, শুক্রবার রাতের কোন এক সময় দোকানের পেছনের দেয়াল ভেঙে চোরের দল দোকানে প্রবেশ করে। তারপর দোকানের সিন্দুক ভেঙে নগদ টাকা, সোনা, রুপাসহ ২০ লাখ টাকার মালামাল লুট করে নিয়ে গেছে। তিনি জানান, শনিবার সকালে দোকান খুলে দেখেন দোকানে কোন মালামাল নেই। সব চুরি হয়ে গেছে।

খবর পেয়ে মেহেরপুর পুলিশ সুপার এস এম মুরাদ আলী, সদর থানার ওসি শাহ দারা খানসহ পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেন।
এসময় পুলিশ সুপার বলেন, ঘটনার সাথে জড়িতদের গ্রেপ্তারে অভিযান

শুরু হয়েছে। যে কোন মূল্যে তাদের গ্রেফতার করে চুরি যাওয়া মালামাল উদ্ধার করার ব্যবস্থা নেওয়া হবে।

ছহিউদ্দীন ডিগ্রি কলেজ ছাত্রলীগ’র মাস্ক বিতরণ ও ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী দের সহযোগিতা

শনিবার দুপুরে ছহিউদ্দীন ডিগ্রি কলেজ শাখা ছাত্রলীগের পক্ষ থেকে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ভর্তি সহযোগিতার পাশা পাশি মাস্ক বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

নবীন ভর্তিচ্ছু এক ছাত্র শিশির আহম্মেদ এর সাথে কথা বললে তিনি বলেন,আমাদের এই করোনা মহামারী সময় ভর্তি হতে অনেক সমস্যার সম্মুখীন হতে হচ্ছিল কিন্তু ছহিউদ্দীন ডিগ্রি কলেজ ছাত্রলীগ আমাদের পাশে দাড়িয়েছেন। এতে আমরা অনেক উপকৃত হচ্ছি।

এই সময় ছহিউদ্দীন ডিগ্রি কলেজ এর অধ্যক্ষ একরামুল আজীম,সহকারী অধ্যাপক লুৎফর রহমান ছাত্র-ছাত্রীদের মাস্ক পরিধান করিয়ে দেন। এছাড়া ছাত্র-ছাত্রীদের মাঝে করোনা মহামারী সম্পর্কে সচেতন বক্তব্য রাখেন।

এই সময় উপস্থিত ছিলেন,ছহিউদ্দীন কলেজ
ছাত্রলীগের নেতা ও কর্মীবৃন্দ:এস.এম রাতুল,ইস্তেখার আলম রুদ্র,অনিক প্রমুখ।

মেহেরপুরের গোভিপুরে প্রবাসী কল্যাণ সংস্থার ফ্রি মেডিকেল ক্যাম্প

মেহেরপুর সদর উপজেলার গোভিপুর গ্রামে প্রবাসী কল্যাণ সংস্থার উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প হয়েছে।

শনিবার সকালে গোভিপুর মাধ্যমিক বিদ্যালয়ের হল রুমে বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান সাজাহানের সভাপতিতে অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় ।

এসময় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মূদুল

এসময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, মেহেরপুর সরকারি কলেজের ইংরেজি প্রভাষক মনিরুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়নের ইউপি সদস্য আলমগীর হোসেন লালটু, ড.শাহজাহান আলী, জাহাঙ্গীর হোসেন প্রমুখ।

অনুষ্ঠান শেষে ১০০ রুগীদের মধ্যে বিনামূল্যে ওষুধ বিতরণ করা হয়।

মেহেরপুরে ৮২ ব্যাচের বনি’র ইন্তেকাল

মেহেরপুর গরুর হাট বাজারের তারের তৈরি নেট ব্যবসায়ী ও ১৯৮২ সালের এসএসসি ব্যাচ এর সংগঠন ‘বসত’ এর সদস্য আলহাজ্ব বনি ইসরাইল বনি
(৫৫) ইন্তোকাল করেছেন ◌্(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে মেহেরপুর বড় বাজারের আজিম

মেডিকেল হলের সামনে তিনি হার্ট এ্যাটাক করে মাটিতে লুটিয়ে পড়েন। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষনা করেন।

তিনি মেহেরপুর পৌর এলাকার দিঘিরপাড়া গ্রামের মৃত মোতাহার হোসেনের ছেলে। স্ত্রী, এক পুত্র ও এক কন্যা সন্তানসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন। তার এই আকষ্মিক মৃত্যুতে বসত এর সংগঠন থেকে গভির শোক প্রকাশ করা হয়েছে। গত রাত সাড়ে ১০টার দিকে জানাযা শেষে দাফন সম্পন্ন করা হয়েছে।

মেহেরপুরে নতুন ৩ জন করোনায় আক্রান্ত :: মোট ৫৮১

মেহেরপুরে নতুন করে আরো ৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এর মধ্যে সদর উপজেলায় ২ জন, মুজিবনগরে ১জন। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়িয়েছে ৫৮১ জনে।

আজ সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ১৪ টি রিপোটের মধ্যে ৩ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩৭৮২ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ৬০ (সদর-২৩, গাংনী- ২৬ , মুজিবনগর – ১১) জন।

এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৫ জনের। তার মধ্যে সদরে- ৭, গাংনী- ৬, মুজিবনগর- ২)।

সুস্থ হয়েছেন ৪৬৩ (সদর-২৫২, গাংনী -১৬৮, মুজিবনগর- ৪৩) জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৪০ জনকে।

মেহেরপুরে মুক্তিযোদ্ধা এনামুল হকের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

রাষ্ট্রীয় মর্যাদার মধ্য দিয়ে মেহেরপুরের বিশিষ্ট মুক্তিযোদ্ধা এনামুল হকের দাফন সম্পন্ন হয়েছে।

মেহেরপুর শহীদ ড. শামসুজ্জোহা নগর উদ্যানে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলমের নেতৃত্বে এনামুল হকের মরাদেহ কে রাষ্ট্রিয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করা হয়।
গার্ড অব অনার প্রদান শেষে শহীদ ড. শামসুজ্জোহা নগর উদ্যানেই তার জানাজা অনুষ্ঠিত হয়।

জানাজা অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিম, মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অবঃ) আব্দুল মালেক। উপস্থিত ছিলেন সাবেক ডেপুটি জেলা কমান্ডার আলতাফ হোসেন, সাবেক উপজেলা কমান্ডার সিরাজুল ইসলাম, মুক্তিযোদ্ধা সিরজুল ইসলাম, বেলাল হোসেনসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

পরে জানাজা শেষে মেহেরপুর শহরের পৌর কবরস্থানে তাকে দাফন করা হয়।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় বৃদ্ধার মৃত্যু

মেহেরপুরের মদনাডাঙ্গা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় রোকেয়া খাতুন
(৬৫) নামের এক বৃদ্ধার মৃত্যু হয়েছে।

আজ শুক্রবার সকাল ৬ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। রোকেয়া খাতুন সদর উপজেলার নতুন মদনাডাঙ্গা গ্রামের মরহুম মেসের আলীর স্ত্রী।

জানাযায়, মেহেরপুর-কুষ্টিয়া সড়কে মদনাডাঙ্গা নামক স্থানে চলন্ত পিকআপ (ইন্টারনেট সংযোগ প্রদানের জন্য ব্যবহৃত) এর ধাক্কায় রোকেয়া খাতুনের মৃত্যু হয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকাল ৬ টার দিকে নিয়মিত ব্যায়ামের উদ্দেশ্যে হাটতে বাড়ি থেকে বের হয় বৃদ্ধ রোকেয়া খাতুন। কিছুক্ষণ পর কুষ্টিয়ার দিক থেকে আসা দ্রুতগামী একটি পিকআপ তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে লাশ উদ্ধার করে।

স্থানীয়রা আরও জানান, প্রায় দুই যুগ পূর্বে তার স্বামী একই স্থানে সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেছিলেন। এ ঘটনায় ওই এলাকায় শোক নেমে এসেছে।

ঘটনার পর সেখানে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেন।

মেহেরপুর জেলা পুলিশে কর্মরত আনসার সদস্যদের প্রত্যাবর্তন শুরু

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী মেহেরপুর জেলা পুলিশে কর্মরত আনসার সদস্যদের প্রত্যাবর্তন শুরু হয়েছে। প্রথম পর্বে নিজ ব্যাটেলিয়ানে ফিরে গেলেন ২৭ জন আনসার সদস্য।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর পুলিশ লাইন প্রাঙ্গণে মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলি উপস্থিত থেকে ২৭ জন আনসার সদস্যদেরকে ফুলের শুভেচ্ছা দিয়ে বিদায়ী সংবর্ধনা জানিয়েছেন।

এসময় এস এম মুরাদ আলি জানান, উল্লেখ্য মেহেরপুর জেলার বিভিন্ন

ক্যাম্পে পুলিশের সাথে ১২৭ জন আনসার ব্যাটালিয়ন এর সদস্য কর্মরত ছিলেন। সরকারি সিদ্ধান্ত মোতাবেক ২৭ জন আনসার সদস্যকে নিজ ব্যাটালিয়ানে ফিরে যেতে হচ্ছে। এবং বাকিদের কেও পর্যায়ক্রমে পাঠানো হবে।

এখন থেকে কেবল পুলিশ বিভাগের সদস্যরাই ক্যাম্পে দায়িত্ব পালন করবেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, হাসিবুল আলম, ডিবির ওসি জুলফিকার প্রমুখ উপস্থিত ছিলেন।